

💵 জানাযার কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ দাফন ও প্রাসঙ্গিক আলোচনা রচয়িতা/সঙ্কলকঃ শায়খ আব্দুল আয়ীয় ইব্ন আবুল্লাহ ইব্ন বায় রাহিমাহুল্লাহ (ইসলামহাউজ)

প্রশ্ন ২৫- কাফনের কাপড়ে কালিমায়ে তাইয়্যিবা লিখা, অথবা কাগজে লিখে তা কাফনে রেখে দেয়া কেমন?

উত্তর - এ ধরণের কাজের কোন ভিত্তি নেই। শরিয়ত স্বীকৃত কাজ হচ্ছে উপস্থিত লোকজন মুমূর্ষু ব্যক্তিকে কালিমায়ে তাইয়্যিবা তালকিন করবে। রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«لقنوا موتاكم لا إله إلا الله» (رواه مسلم)

"তোমরা তোমাদের মৃতদেরকে লা-ইলাহা ইল্লাল্লাহ-এর তালকিন কর"। (মুসলিম) যেন মৃতের সর্বশেষ কথা "লা-ইলাহা ইল্লাল্লাহ" হয়। এ ছাড়া কাফনের উপর বা কবরের দেয়ালে কালিমা লেখার কোন বিধান নেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14864

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন